গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensinghdiv.gov.bd

স্মারক : ০৫.৪৫.০০০০.০১৫.১১.০০১.২০.৩৪৬

তারিখ : ২০ মাঘ ১৪২৬ / ০৩ ফেব্রুয়ারি ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-১ শাখার ২২/১০/২০১৯ খ্রি. তারিখের ৪৬.০৯৯.০১৫.০১.০১.০১৮.২০১৭.২৫৫ নং স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহে ২০১৫ সনের জাতীয় বেতনস্কেলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতনস্কেল | পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পি.এ কাম কম্পিউটার অপারেটর | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) | (ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) সাঁটলিপিতে ন্যূনতম প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি হতে হবে। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৩ (তিন) | (ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি হতে হবে। |
| ৩. | গাড়িচালক | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | (ক) অষ্টম শ্রেণি পাশ<br>(খ) হালকা গাড়ি চালানের জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেয়া হবে। |

## শর্তাবলি

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ময়মনসিংহ বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

২। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নং জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমটি কম্পিউটারে (টাইপ করে) পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েব সাইটে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর www.mymensinghdiv.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

৩। নির্ধারিত আবেদন ফরমে নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৪। আবেদনপত্র আগামী ১০-০৩-২০২০ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ বরাবরে ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। খামের ওপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটার নাম (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। প্রার্থীর বয়স আগামী ১০-০৩-২০২০ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) আবেদনপত্রের সাথে সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন মেয়র /পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের/পত্রসমূহের সত্যায়িত ফটোকপি।

(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সিল-সহ চারিত্রিক সনদপত্র।

(ঙ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(চ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি।

(ছ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতিনী হলে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(জ) প্রার্থীকে উল্লিখিত পদে পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা হিসাব কোড নং- ১-০৭৪১-০০০০-২০৩১ এ বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা থেকে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঝ) পদের নাম ও প্রার্থীর নাম, ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫″ × ৪.৫″ সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতিনী/পোষ্য/মহিলা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১৩। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৪। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে) ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।


স্বাক্ষরিত/-
(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ বিভাগ।
ফোন : +৮৮-০৯১-৬১৪৪৪
ফ্যাক্স : +৮৮-০৯১-৬৬৪৪০
ই-মেইল : divcommymensingh@mopa.gov.bd


স্মারক : ০৫.৪৫.০০০০.০১৫.১১.০০১.২০.৩৪৬(৩১)

তারিখ : ২০ মাঘ ১৪২৬ / ০৩ ফেব্রুয়ারি ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
০৪। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর [নিয়োগ বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে আপলোডের অনুরোধ-সহ]
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর [নিয়োগ বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে আপলোডের অনুরোধ-সহ]
০৭। পুলিশ সুপার, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
০৮। সিভিল সার্জন, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
০৯। উপপরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
১১। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ [নিয়োগ বিজ্ঞপ্তি ও নির্ধারিত আবেদন ফরম ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধ-সহ]
১২। জেলা হিসাবরক্ষণ অফিসার, ময়মনসিংহ।
১৩। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
১৪। সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা/ দৈনিক স্বদেশ সংবাদ, ময়মনসিংহ। নিয়োগ বিজ্ঞপ্তিটি ৩"X ১২" অনুসারে ভেতরে পাতায় আগামী ০৯-০২-২০২০ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৩ (তিন) কপি পরিচালক, স্থানীয় সরকার এর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। অফিস কপি/নোটিশ বোর্ড।

০৩/২/২০২০


(মো. আবদুল আলীম)
পরিচালক, স্থানীয় সরকার
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
ফোন: ০৯১-৫২০১০